# ইসলামিক ফাউন্ডেশন

{ প্রতিষ্ঠাতা ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান}

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং-ঃ ১৬.০১.০০০০.০০১.২৪.০০৭.৯৩(ভলি-১২)-৬১৮৮ তারিখ ঃ ২৪/০৪/২০১৬ইং

## পুণঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন-এর রাজস্ব খাতভুক্ত নিম্নেবর্ণিত পদে জনবল নিয়োগের নিমিত্ত বিগত ১১/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল অনিবার্য কারণ বশত: বাতিলপূর্বক নিম্নেলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে সংযুক্ত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বর্ণিত পদসমূহের বিপরীতে বিগত ১১/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় যারা অংশ গ্রহণ করেছিলেন, তাদেরকে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তারা পুণরায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | জাতীয় বেতন স্কেল (২০১৫) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | সেকশন অফিসার | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ২ | প্রকাশনা কর্মকর্তা | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। প্রকাশনা ক্ষেত্রে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য হবে। |
| ৩ | সহকারী লাইব্রেরীয়ান | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | লাইব্রেরী সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রী বা লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ৪ | আর্টিস্ট | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | চারুকলায় স্নাতক ডিগ্রী। |
| ৫ | ভাষা শিক্ষক (আরবী) | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | আরবীতে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা অথবা একই বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ৭ | মহিলা সাংগঠনিক কর্মকর্তা | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- | ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ৮ | প্রশাসনিক কর্মকর্তা (ইপ্রএ) | ০২ | অনূর্ধ্ব ৩০ বছর | ১৬০০০-৩৮৬৪০/- | সরকারী অথবা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ৯ | গবেষণা সহকারী | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ১৬০০০-৩৮৬৪০/- | ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |

**শর্তাবলী ঃ**

১. আবেদনকারীকে নিম্নেবর্ণিত নির্ধারিত ফরমে ২৪-০৫-২০১৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

২. বিজ্ঞপ্তির সাথে প্রকাশিত নির্ধারিত ছক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পোষ্য, মহিলা, উপজাতি, প্রতিবন্ধী, জেলা কোটাসহ অন্যান্য কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোন নির্ধারিত কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্র দাখিল করতে হবে। কোটা সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যায়নপত্র না থাকলে তা কোটার জন্য বিবেচনা করা হবে না।

৪. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে জনপ্রশাসন (সংস্থাপন) মন্ত্রণালয়ের ৩১/১২/৯৭ ইং তারিখের সম (বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)/৩১১ (৫০০) নং পরিপত্র অনুযায়ী আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা, মাতা/পিতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (সরকারী নির্দেশ অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)-এর সত্যায়িত কপি, প্রার্থী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে তার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এতিমখানার নিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-০৫-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪. ২০১১-১৮১ নং পরিপত্র অনুযায়ী পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা(প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে। এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রার্থী মুক্তি যোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. কোন প্রার্থী উপজাতীয়/তফসিল সম্প্রদায়ভূক্ত হলে সংশ্লিষ্ট জেলার উপজেলাধীন ইউনিয়নের চেয়ারম্যান ও পৌরসভার চেয়ারম্যান কর্তৃক গৃহীত সদনপত্র/প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭. প্রার্থীর বয়স ২৪-০৫-২০১৬ ইং তারিখে পদের পার্শ্বে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৮. বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি থাকলে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

৯. সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২৪-০৫-২০১৬ ইং তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

১০. উপযুক্ত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত বর্তমান ঠিকানায় পত্রের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

১১. আবেদন পত্রের সাথে ইসলামিক ফাউন্ডেশন শিরোনামে যেকোন স্থানের সোনালী ব্যাংক হতে সোনালী ব্যাংক, বায়তুল মোকাররম শাখা, ঢাকার অনুকূলে ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এম.আই.সি.আর (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে জমা দিতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়।

১২. প্রার্থীকে ইসলামের বাস্তব অনুসারী এবং দ্বীনি শিক্ষার মৌলিক বিষয়গুলি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

১৩. অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গন্য হবে। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. প্রার্থী যদি বাংলাদেশী নাগরিক না হন অথবা বাংলাদেশী নাগরিক নহে এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে তিনি চাকুরীতে নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৫. কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিযুক্ত হবেন না, যদি তার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তার বয়সসীমা পদের পার্শ্বে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

১৬. সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৭. উপরোক্ত শর্তাধীনে আবেদন করতে আগ্রহী প্রার্থীগণকে মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আবেদনপত্র আগামী ২৪-০৫-২০১৬ ইং তারিখের মধ্যে পৌছাতে হবে।

১৮. খামের উপর পদের নাম ও আবেদনকারীর পূর্ণ ঠিকানা (নিজ জেলাসহ) স্পষ্ট করে লিখতে হবে।

১৯. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

সচিব

ইসলামিক ফাউন্ডেশন

# চাকরির আবেদন ফরম

বরাবর
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

| পাসপোর্ট সাইজ ছবি সম্প্রতি তোলা, ৩ (তিন) কপি |
|---|

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | | | | | | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় : | | | | | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর : | | | | | | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. | জন্মস্থান (জেলা): | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | দিন | | | | | | | | | | |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম : | | | | | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোষ্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল ( যদি থাকে ) |
| ১২. | জাতীয়তা : | | ১৩. জেন্ডার : বিবাহিত/অবিবাহিত |
| ১৪. | ধর্ম : | | ১৫. পেশা : |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা : | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা ( যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য ( উল্লেখ করুন) : |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পুর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|